# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 07-05-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী **অপারেশন সিন্দুর** সফল পরিচালনার জন্য সশস্ত্র বাহিনীর প্রশংসা করেছেন।

২) পাক অধিকৃত কাশ্মীরে সেনা অভিযানের পর উদ্ভুত পরিস্থিতিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আজ পশ্চিমবঙ্গ সহ দেশের সীমান্তবর্তী রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেছেন।

সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই-এ রাজ্য সরকার কেন্দ্রের সঙ্গে এক জোট হয়ে কাজ করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। আজকের অভিযানের জন্য ভারতীয় সেনাদের অভিনন্দন মুখ্যমন্ত্রীর।

৩) যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ ও গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ রক্ষায় প্রস্তুতি খতিয়ে দেখতে দেশজুড়ে আজ মকড্রিলের আয়োজন করা হচ্ছে।

৩) চলতি বছরে উচ্চ-মাধ্যমিক পরীক্ষার ফল আজ ঘোষিত হয়েছে। পাশের হার ৯০.৭/৯ শতাংশ।

৪) কলকাতা হাইকোর্ট ২৬ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলায় আদালত অবমাননার অভিযোগ গ্রহণ করতে অস্বীকার করেছে।

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে কর্মশিক্ষা ও শারীরশিক্ষা বিষয়ে নিয়োগের ওপর স্থগিতাদেশ জারি করেছে কলকাতা হাইকোর্ট।

৫) ইডেনে আই পি এল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, চেন্নাই সুপার কিংস-এর মুখোমুখি হয়েছে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, অপারেশন সিন্দুর সফলভাবে পরিচালনার জন্য সশস্ত্র বাহিনীর প্রশংসা করেছেন। নতুনদিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী, পহেলগাঁওয়ে জঙ্গি হামলার পর প্রত্যুত্তরে ভারতের এই পদক্ষেপ সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন। গতকাল রাতভর অপারেশন সিন্দুরের উপর নজর রাখেন শ্রী মোদী। বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রীদের প্রশংসাও করেন তিনি।

প্রধানমন্ত্রী আজ রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করে অপারেশন সিন্দুর সম্পর্কে তাঁকে অবহিত করেন। পাকিস্তান ও পাকিস্তান অধিকৃত জম্মু-কাশ্মীরে জঙ্গি ঘাঁটিতে ভারতের অভিযানের কয়েক ঘণ্টা পরেই এই বৈঠক হয়।

oooooooooooooooooooo

সরকার আগামীকাল সর্বদল বৈঠকের ডাক দিয়েছে। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু এক বার্তায় জানিয়েছেন, সংসদ ভবন চত্বরের কমিটি রুমে আগামীকাল সকাল ১১ টায় এই বৈঠক বসবে। অপারেশন সিন্দুরের প্রেক্ষিতেই এই বৈঠক বলে মনে করা হচ্ছে।

OOOOOOOOOOOOOOOOO

মধ্যরাতে পাক অধিকৃত কাশ্মীরে সেনা অভিযানের পর উদ্ভূত পরিস্থিতিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ দেশের সীমান্তবর্তী রাজ্য গুলির মুখ্যমন্ত্রীদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। বৈঠকে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ছাড়াও পাঞ্জাব, জম্মু-কাশ্মীর, উত্তরাখন্ড, রাজস্থান সহ দশটি রাজ্যের মুখ্যমন্ত্রীরা অংশ নেন বলে জানা গিয়েছে। এরাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ ও পুলিশের মহানির্দেশক রাজীব কুমার উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooo

দেশের বর্তমান পরিস্থিতিতে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে রাজ্য সরকার, কেন্দ্রের সঙ্গে একজোট হয়ে কাজ করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ-র সঙ্গে বৈঠকের পরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্নে এক সাংবাদিক বৈঠকে বিভেদ না ছড়িয়ে জনসাধারনকে কোন রকম প্ররোচনায় পা না দেওয়ার আবেদন জানান। সব কর্মী ও আধিকারিকদের ছুটি বাতিল করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান। পাশাপাশি রাজ্যের বেসরকারি স্কুলগুলিকেও আগামী শুক্রবার থেকে ছুটি দিয়ে দেওয়ার আবেদন জানিয়েছেন তিনি। মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে কোনরকম বিভ্রান্তিমূলক খবর ও ছবি না ছড়ানোর পরামর্শ দিয়েছেন। ভূয়ো খবর ছড়ালে তাদের চিহ্নিত করে ব্যবস্থা নেওয়ার নির্দেশ আজকের বৈঠকে দেওয়া হয়েছে বলে তিনি জানান। বিষয়টি দেখার জন্য মুখ্যসচিব মনোজ পন্থ কে নোডাল আধিকারিক হিসাবে নিযুক্ত করা হয়েছে। পরিস্থিতির উপরে নজরদারির জন্যে ইতমধ্যেই নবান্নে খোলা হয়েছে কন্ট্রোল রুম। পাশাপাশি কেন্দ্রের নির্দেশ মেনে উত্তরবঙ্গের উত্তরকন্যাতেও একটি হেল্পলাইন চালু করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

(বাইট – মুখ্যমন্ত্রী)

oooooooooooooooooooo

কাশ্মীরের পাহেলগাওতে পর্যটকদের উপরে জঙ্গী হামিলার আবহে সবজি, মাছ সহ খোলা বাজারে নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর দাম যাতে নাগালের বাইরে না যায় তা দেখতে রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আগামীকাল বিকালে নবান্নে প্রস্তাবিত এই বৈঠকে, বাজারদর নিয়ন্ত্রন সংক্রান্ত টাস্ক ফোর্স, এনফোর্সমেন্ট বিভাগ, পুলিশ, বিভিন্ন পাইকারি বাজার ব্যবসায়ী সমিতির সদস্যরা যোগ দেবেন বলে জানা গেছে।

oooooooooooooooooooo

অপারেশন সিন্দুর অভিযানের জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ভারতীয় সেনাকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেছেন জয় হিন্দ, জয় ভারত। তাঁর দল তৃণমূল কংগ্রেসের সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলে এক পোস্টে সামরিক বাহিনী এবং ইউনিফর্ম পরিহিত প্রত্যেক সাহসী যোদ্ধাকে কুর্নিশ জানানো হয়েছে।

বিজেপির রাজ্য সভাপতি কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন, নব ভারতের সূচনা হয়েছে।

প্রধানমন্ত্রী তাঁর দেওয়া দেওয়া কথা রেখেছেন বলে মন্তব্য করেছেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

(বাইট)

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী সরকারের এই সিদ্ধান্তকে স্বাগত জানান। তিনি বলেন, পাকিস্তানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য সকলেই সরকার এবং সশস্ত্র বাহিনীর পাশে রয়েছে।

CPIM এর পলিটব্যুরোর তরফে এক প্রেস বিবৃতি জারি করে বর্তমান পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকারের পাশে থাকার বার্তা দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

পহেলগাঁওয়ে জঙ্গী হামলার জবাবে ভারতীয় সেনার অপারেশন সিন্দুরে শোকের মধ্যেও স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন নিহতদের পরিবারের সদস্যরা। কলকাতার বিতান অধিকারির স্ত্রী সোহিনী প্রার্থনা করেন, ভবিষ্যতে কারোর সঙ্গে যাতে এধরনের ঘটনা না ঘটে।

অন্যদিকে বেহালায় সমীর গুহ-র স্ত্রী শর্বরী আকাশবাণীর প্রতিনিধি কাশফিন নাহারকে জানান, এধরনের জবাব দেওয়া অত্যন্ত জরুরী ছিল।

বাইট

পুরুলিয়ার ঝালদায় নিহত আইবি অফিসার মনীশ রঞ্জনের ভাই বীনিত রঞ্জন মিশ্র বলেন, জঙ্গী কার্যকলাপকে সমূলে ধ্বংস করার জন্য সরকারের পদক্ষেপ নেওয়া উচিত।

বাইট

oooooooooooooooooooo

যুদ্ধকালীন পরিস্থিতিতে সাধারণ মানুষ ও গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ রক্ষার ক্ষেত্রে অসামরিক প্রশাসনের প্রস্তুতি খতিয়ে দেখতে দেশ জুড়ে আজ মক ড্রিলের আয়োজন করা হচ্ছে। কেন্দ্রীয়

স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে সারা দেশে ২৫৯ টি স্থানে মহড়ার আয়োজন করা হয়েছে। কলকাতা সহ এরাজ্যের মোট ৩১ টি স্থানে মহড়া চলছে বলে খবর। সরকারি সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় সরকারের নির্দেশমতো এ রাজ্যে আগামী ৭ দিন ধরে ধাপে ধাপে মক ড্রিল চলবে। অসামরিক প্রতিরক্ষা ও নিরাপত্তা বিভাগের কর্মীরা ছাড়াও সাধারণ নাগরিক ও স্কুল পড়ুয়াদেরও মহড়ায় শামিল করা হচ্ছে।

বিমান হামলার সতর্কতা সাইরেন ব্যবস্থাকে সক্রিয় করা, নাগরিকদের সুরক্ষার স্বার্থে সাধারণ মানুষ, বিশেষত পড়ুয়াদের ভূমিকা কী হবে, হঠাৎ ব্ল্যাকআউট হলে কী করণীয় এবং জরুরি পরিস্থিতিতে কী ভাবে দ্রুত উদ্ধারকাজ চালানো হবে ইত্যাদি মহড়ার অঙ্গ বলে জানা গেছে। নদীয়ার কৃষ্ণনগরের গাব তলার মাঠে এদিন সিভিল ডিফেন্স এর পক্ষ থেকে মক ড্রিলের আয়োজন হয়। সেখানে জরুরীকালীন উদ্ধার প্রণালী কৌশল প্রদর্শন করা হয়। অসামরিক প্রতিরক্ষা দপ্তরের ১৫০ জন, কুইক রেসপন্স টিমের ২৭ জন ও ২৬০ জন আত্মমিত্র এতে অংশগ্রহণ করেন।

এদিকে রাজ্যে মক ড্রিলের প্রস্তুতি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন রাজ্যের প্রতিনিধিদের সঙ্গে আজ বৈঠক করেন এ রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, বিপর্যয় মোকাবিলা দফতরের সচিব রাজেশ সিনহা, ডিজি সিভিল ডিফেন্স জগমোহন প্রমুখ বৈঠকে উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooo

জাতীয় তদন্তকারী সংস্থা, এনআইএ জম্মু-কাশ্মীরে বেড়াতে যাওয়া সমস্ত পর্যটক এবং স্থানীয়দের পহেলগাঁও সন্ত্রাসবাদী হামলা সংক্রান্ত তথ্য, ফটো অথবা ভিডিও থেকে থাকলে, তা এন আই এ-র হাতে তুলে দেওয়ার অনুরোধ জানিয়েছে। যেকোন ধরনের তথ্য ৯৬৫৪-৯৫৮৮১৬ –এই মোবাইল নম্বরে অথবা ল্যান্ডলাইন নম্বর – ০১১-২৪৩৬৮৮০০ –এই নম্বরেও ফোন করে জানানো যাবে। এন আই এ, এক বিবৃতিতে জানিয়েছে ইতমধ্যেই তারা সেদিনের হামলার বেশকিছু ছবি ও ভিডিও হাতে পেয়েছে।

মানবতার বিরুদ্ধে এই ভয়ঙ্কর সন্ত্রাসবাদী হামলার তদন্তে কোন তথ্য প্রমাণ-ই যাতে চোখ এড়িয়ে না যায়, তার জন্য এন আই এ জোরদার তদন্ত চালাচ্ছে। গত ২২-শে এপ্রিল হওয়া এই ভয়ঙ্কর সন্ত্রাসবাদী হামলায় ২৬ জনের মৃত্যুর পর থেকে সামাজিক মাধ্যমে বিভিন্ন ধরনের ছবি এবং ভিডিও প্রকাশিত হয়েছে। এন আই এ এই সমস্তগুলি খুঁটিয়ে পরীক্ষা করে দেখার পাশাপাশি, ওই দিন বৈষারণ এলাকায় আরও কোন ব্যক্তির উপস্থিতি ছিল কিনা, তাও খুঁটিয়ে দেখা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বুথ লেভেল অফিসার বা বিএলওদের নিয়মবিরুদ্ধভাবে পরিবর্তন করা হচ্ছে বলে বিজেপি নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে দলের তরফে একটি চিঠি পাঠানো হয়েছে। বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর লেখা ওই চিঠিতে বলা হয়েছে, বিএলওদের পরিবর্তন করতে গেলে নির্বাচন কমিশনের অনুমোদন প্রয়োজন হয়। একমাত্র স্থায়ী কর্মীরাই বিএলও হিসেবে কাজ করেন। কিন্তু পূর্ব মেদিনীপুরের এগরা পুরসভায় আশা কর্মীদের এই কাজে লাগানো হচ্ছে।

হুগলীর অতিরিক্ত জেলা শাসক বিএলওদের নামের তালিকা চেয়ে বিভিন্ন রাজনৈতিক দলের কাছে আইন বিরুদ্ধভাবে চিঠি পাঠিয়েছেন বলেও তিনি অভিযোগ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

চলতি বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল আজ ঘোষিত হয়েছে। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য আজ এক সাংবাদিক সম্মেলনে ফলাফল ঘোষণা করেন। পাশের হার **৯০ দশমিক ৭৯ শতাংশ।** সাফল্যের হারে এগিয়ে রয়েছে পূর্ব মেদিনীপুর। দ্বিতীয় স্থানে আছে উত্তর ২৪ পরগনা। পাশের হারের দিক থেকে তৃতীয় স্থান রয়েছে

কলকাতা। শ্রী ভট্টাচার্য্য জানান, গত দশ বছরের মধ্যে এবারের উচ্চমাধ্যমিকের ফলাফল সবচেয়ে ভালো। মেধা তালিকায় প্রথম দশটি স্থানে রয়েছেন ৭২ জন। ঐ সাংবাদিক বৈঠক থেকেই শ্রী ভট্টাচার্য প্রথম তিন পড়ুয়ার নাম ঘোষনা করেন।

(বাইট- চিরঞ্জীব)

এবার নেপালী ভাষায় পাশের হার ৯৩ দশমিক এক নয় শতাংশ। সাঁওতালি ভাষায় পাশের হার ৯৪ দশমিক ছয় শূন্য শতাংশ। উর্দুর ক্ষেত্রে পাশের হার ৯৮ দশমিক দুই শূন্য শতাংশ।

আগামীকাল সকাল ১০-টা থেকে স্কুলগুলি সংসদের বিতরণ কেন্দ্র থেকে মার্কশিট ও সার্টিফিকেট পাবেন। .

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণদের শুভেচ্ছা জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় আশানুরুপ ফল হয়নি এমন পড়ুয়াদের চেষ্টা চালিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছেন তিনি।

oooooooooooooooooooo

স্নাতক স্তরে অভিন্ন বিশ্ববিদ্যালয় প্রবেশিকা পরীক্ষা- CUET UG, আপাতত স্থগিত করে দেওয়া হয়েছে। ন্যাশনাল টেস্টিং এজেন্সি-NTA গতরাতে এই ঘোষণা করে জানায়, ১৩'ই মে এই পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল আগামীকাল। NTA জানিয়েছে, আজ 'সিটি ইন্টিমেশন স্লিপ' পাঠানো শুরু হবে।

উল্লেখ্য, এবছর রেকর্ড সংখ্যক সাড়ে ১৩ লক্ষ পরীক্ষার্থী CUET UG-র জন্য আবেদন করেছে।

oooooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট, ২৬ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলায় আদালত অবমাননার অভিযোগ গ্রহণ করতে অস্বীকার করেছে। বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মোহাম্মদ শব্বার রাশিদির ডিভিশন বেঞ্চ আদালত অবমাননার অভিযোগ

খারিজ করে দিয়ে জানিয়েছেন, যেহেতু মামলাটি সুপ্রিম কোর্টে বিচারাধীন রয়েছে তাই এই মামলায় হস্তক্ষেপ করবেনা কলকাতা হাইকোর্ট।

০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে কর্মশিক্ষা ও শারীরশিক্ষা বিষয়ে নিয়োগের উপর স্থগিতাদেশ জারি করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি বিশ্বজিৎ বসু আজ জানিয়েছেন যে এসংক্রান্ত মামলাটির নিস্পত্তি না হওয়া পর্যন্ত এই স্থগিতাদেশ বজায় থাকবে। ১৮ই জুন বেলা দুটোর সময় ফের এই মামলার শুনানি হবে। নিয়োগের ওপর স্থগিতাদেশ না দিতে রাজ্য সরকার যে আবেদন করেছিল তাও খারিজ করে দিয়েছেন বিচারপতি বিশ্বজিৎ বসু। উল্লেখ্য ২০১৬ সালের কর্মশিক্ষা ও শারীরশিক্ষার যোগ্য প্রার্থীদের চাকরি দিতে রাজ্য সরকার প্রায় ১৬০০টি সুপার নিউমেরারি পদ তৈরি করেছিল। দূর্নীতিগ্রস্তদের চাকরি পাইয়ে দিতেই এই সুপার নিউমেরারি পদ তৈরি করা হয়েছে অভিযোগ তুলে আদালতের দ্বারস্থ হন চাকরি প্রার্থীরা।

এই নির্দেশের বিরুদ্ধে রাজ্য ডিভিশন বেঞ্চে আপিল জানাতে পারে বলে আইনজীবীদের সূত্রে জানা যাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০

বাংলা-সিকিম সংযোগকারী ১০ নম্বর জাতীয় সড়ক ছয়দিন বন্ধ থাকছে। ৯-ই মে শুক্রবার থেকে দুই দফায় মোট ৬-দিন বন্ধ থাকবে গুরুত্বপূর্ণ এই জাতীয় সড়ক।

প্রশাসনের পক্ষ থেকে জানা গেছে জরুরী রাস্তা সংস্কারের জন্য ৯ থেকে ১১-ই এবং ১৩-ই থেকে ১৫-ই মে পর্যন্ত ভোর ৫-টা থেকে সন্ধ্যা ৭-টা পর্যন্ত বন্ধ থাকবে এই সড়ক। সংশ্লিষ্ট সময় ৬ চাকার ওপর কোনও বড় গাড়ি চলবে না। সাধারণ যানবাহনের ক্ষেত্রেও প্রতি দুই ঘণ্টা অন্তর এক ঘণ্টার জন্য রাস্তা খোলা থাকবে। প্রশাসন বিকল্প পথ হিসাবে মালবাজার –গরুবাথান হয়ে কালিম্পং এবং সেখান থেকে দার্জিলিং বা সিকিম যাওয়ার ব্যবস্থা রাখা হয়েছে।

তবে, এই পথে খরচ ও সময় বেশী। সে কারণে এই সিদ্ধান্তে মাথায় হাত পড়েছে পর্যটক, হোটেল ব্যবসায়ী, পরিবহণ কর্মীদের।

০০০০০০০০০০০০০০০০০০০

কোন ব্যক্তি বা সংগঠন টালিগঞ্জে পরিচালকদের কাজে বাধা দিতে পারবে না বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। পরিচালক সুদেষ্ণা রায় কাজে অসহযোগিতার অভিযোগ নিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। বিচারপতি অমৃতা সিনহা আজ এক নির্দেশে বলেন, প্রত্যেককে স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে। অন্যদিকে, মামলাকারীর আবেদনের কপি সকল পক্ষকে দিতে হবে বলেও তিনি নির্দেশ দিয়েছেন। এদিকে, তারা কারোর কাজে বাধা দিচ্ছেন না বলে ফেডারেশনের তরফে হলফনামা দিয়ে জানানো হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার হাঁসখালি থানার পুলিশ গতকাল বিশেষ অভিযান চালিয়ে ১২ জন বাংলাদেশীকে গ্রেফতার করেছে। কয়েক বছর আগে অবৈধ উপায়ে এরা ভারতে প্রবেশ করে। সম্প্রতি বিভিন্ন রাজ্যে ধরপাকড় শুরু হওয়ায় এই ব্যক্তিরা ফের সীমান্ত পেরিয়ে বাংলাদেশে পালানোর চেষ্টা করছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০

বীরভূমে পথ দুর্ঘটনায় এক বাস যাত্রী প্রাণ হারিয়েছেন। জানা গেছে বীরভূমের গামারকুণ্ডু থেকে সিউড়ির দিকে যাবার সময় যাত্রীবোঝাই একটি বাস সিউড়ির পাত্রাতে আজ দুর্ঘটনার কবলে পড়ে। খারাপ রাস্তার কারণে বাসটি নিয়ন্ত্রণ হারায় বলে খবর। গদাধর ভাণ্ডারি নামে এক যাত্রীর মৃত্যু হয়েছে। আহত হয়েছেন ১৮ জন। দুজনের অবস্থা আশঙ্কাজনক। জখমদের সিউড়ি সুপারস্পেশালিটি হাসপাতালে ভর্তি করা হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর-পশ্চিম দিক থেকে শুষ্ক বায়ু প্রবেশের কারণে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামীকাল থেকে আবারো তাপপ্রবাহের মত পরিস্থিতি তৈরি হবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন যে, পশ্চিম বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়ার মতো পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রার পারদ কোথাও কোথাও চল্লিশ ডিগ্রি বা তার বেশিও থাকতে পারে। দক্ষিণবঙ্গের জেলাগুলিতে অস্বস্তিকর গরমের হলুদ সর্তকতা জারি করা হয়েছে। অন্যদিকে উত্তরবঙ্গের মালদা ও দক্ষিণ দিনাজপুরেও তাপপ্রবাহের সর্তকতা রয়েছে।

(বাইট - সোমনাথ দত্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা সাহিত্যের অন্য ধারার বিশিষ্ট গদ্য লেখক পীযুষ ভট্টাচার্য প্রয়াত। কোলকাতার এক বেসরকারি হাসপাতালে আজ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৭৯ বছর। বালুরঘাটে বসে পরীক্ষামূলক গদ্য রচনা কোরে পীযুষ ভট্টাচার্য, তন্নিষ্ঠ পাঠক ও সমালোচকদের প্রশংসা আদায় করেছিলেন। জলের বর্গক্ষেত্র, জীবি সঞ্চার, সূর্য যখন মেষ রাশিতে নামক গল্প সহ তাঁর বহু রচনা অন্য ধারার গদ্য হিসেবে বাংলা সাহিত্যে স্মরণীয় হয়ে থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে আজ সন্ধ্যায় আইপিএল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হয়েছে। কলকাতা টসে জিতে প্রথমে ব্যাট করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০